PANORAMA STUDIOS

**PANORAMA STUDIOS INTERNATIONAL LIMITED**
(Formerly Known as Apunka Invest Commercial limited)
CIN: L74110WB1980PLC032655

**Date: 07th August, 2019**

**To,**
**BSE Limited**
The Corporate Relationship Department
P.J. Towers, 1st Floor,
Dalal Street,
Mumbai – 400 001

**Ref: Scrip Code: 539469 Scrip ID: PANORAMA**

**Sub: Submission of Newspaper Clipping for Intimation of Board Meeting for the quarter ended 30th June, 2019**

Dear Sir(s),

Please find enclosed herewith newspaper clipping of Regulation 47(l)(a) as per SEBI (LODR) Regulation, 2015 for Intimation of Board Meeting for approval of Unaudited Financial Results for the quarter ended 30th June, 2019 has published in "Sukhabar" (Bengali) and "Financial Express" (English) on 07th August, 2019 for you records.

You are requested to kindly take a note of the same.

Thanking you,
Yours faithfully,

**For Panorama Studios International limited**
(Formerly known as Apunka Invest Commercial Limited)
For Panorama Studios International Limited

Abhishek.
Company Secretary

**Abhishek Pokharna**
***Company Secretary***

## এ ক ন জ রে

### শিবগঞ্জে গরিব পড়ুয়াদের কম্পিউটার বিলি



**নিজস্ব সংবাদদাতা, বাসন্তী :** জেনেসিস চ্যারিটেবল ট্রাস্টের অধিকর্তা ডাঃ পূর্ণেন্দু রায় অসহায়, গরিব ও মেধাবী, স্কুলছুট ও বাঘে খাওয়া পরিবারের ছেলেমেয়েরা যাতে জঙ্গল নির্ভরতা ছেড়ে আধুনিক শিক্ষায় শিক্ষিত হয়ে সমাজে প্রতিষ্ঠিত হতে পারে, তার জন্য সোমবার সকালে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্যে দিয়ে সুরেন্দ্র স্মৃতি বিদ্যানিকেতনের ৩০০ জন ছাত্রছাত্রীর জন্য প্রাথমিকভাবে ১৫টি কম্পিউটার প্রদান করেন। ১৯৯৮ সালে দক্ষিণ ২৪ পরগনা জেলার বাসন্তী ব্লকের শিবগঞ্জে সুরেন্দ্র স্মৃতি বিদ্যানিকেতন নামক এই শিক্ষা প্রতিষ্ঠানটি চালু করেন এলাকার বিশিষ্ট সমাজসেবী তথা শিক্ষক অমল নায়েক।

### নন্দিগ্রামে ২টি সেতুর উদ্বোধনে পরিবহণমন্ত্রী

**সঞ্জীব দোবে, নন্দীগ্রাম :** রাজ্যের সেচ, পরিবহণ ও জলপথ বিভাগের মন্ত্রী শুভেন্দু অধিকারির উদ্যোগে নন্দীগ্রামের সোনাচূড়ার ট্যাংরা খালের ওপর ১ কোটি ৭ লাখ টাকা খরচ করে নতুন সেতু তৈরি হয়েছে। মঙ্গলবার সকালে মন্ত্রী ওই নবনির্মিত সেতুর উদ্বোধন করেন। দীর্ঘদিন ধরে এলাকার মানুষ পাকা সেতু তৈরির দাবি জানিয়ে আসছিল। এলাকার মানুষের আবেদনে সাড়া দিয়ে স্থানীয় বিধায়ক তথা মন্ত্রী শুভেন্দু অধিকারি ওই সেতু তৈরির উদ্যোগ নেন। নবনির্মিত সেতুটির নাম হয়েছে শহিদ স্মারক সেতু। পাশাপাশি নন্দীগ্রাম-২ নং ব্লকের বিরুলয়াতেও পালবনি খালের ওপরে প্রাক্তন বিধায়ক দেবীশংকর পণ্ডার স্মারক সেতুর উদ্বোধন হয়। সেতু উদ্বোধনের পাশাপাশি এলাকায় সবুজায়নের লক্ষ্যে মন্ত্রী গাছ লাগান। শুভেন্দু অধিকারি ছাড়াও এলাকার জনপ্রতিনিধি ও দফতরের আধিকারিকরা হাজির ছিলেন।

### পূর্ব হাতামারিতে সিলিন্ডার ফেটে মৃত ১

**নিজস্ব সংবাদদাতা, ক্যানিং :** মঙ্গলবার সকালে দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিং থানার নিকারিঘাটা গ্রামপঞ্চায়েতের পূর্ব হাতামারি গ্রামে রান্নার গ্যাসের সিলিন্ডার ফেটে জখম একই পরিবারের ৩ জন জখম হয়েছেন। সূত্রের খবর, এদিন সকালে গ্যাসের ওভেন জ্বেলে গৃহবধূ রইমা মোল্লা দুধ গরম করছিলেন। তখন গ্যাস সিলিন্ডারে বিস্ফোরণ ঘটে। তাতে আগুন ছড়িয়ে পড়ে। আগুনে জখম হন রইমা মোল্লা সমেত আরও ২ জন জখম হন। তাঁদের ক্যানিং মহকুম হাসপাতালে ভরতি করানো হয়েছে। সেখানে রইমা মোল্লা মারা যান।

### মহেশতলায় গুলিতে জখম গোরু ব্যবসায়ী

**রাজু মুখোপাধ্যায়, বিষ্ণুপুর :** সোমবার রাতে দক্ষিণ ২৪ পরগনা মহেশতলা থানার সন্তোষপুর এলাকায় ব্যবসায়ী বাদশা মোল্লা (৪৯) ও তাঁর কাকা শামসার আলি মোল্লাকে লক্ষ্য করে গুলি ছোড়ার ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। এদিন গোরু বিক্রি করে বাইকে করে সন্তোষপুর গাজির মাঠ থেকে মহেশতলা থানার ১৬ নং ওয়ার্ডের সন্তোষপুর আইনাল পাড়ায় বাড়িতে ফিরছিলেন বাদশা মোল্লা। সেই সময় গুলি খেয়ে তিনি বাইক থেকে পড়ে যান। তাঁকে বিদ্যাসাগর হাসপাতালে ভরতি করানো হয়। সূত্রের খবর, তাঁর পিঠের বাঁ-দিকের পাঁজরে গুলি লেগে বের হয়ে গেছে। তাঁর কাছে ৩ লাখের বেশি টাকা ছিল। তা ছিনিয়ে নেওয়ার জন্য গুলি করা হয়েছে বলে অভিযোগ। পুলিশ জানায়, এ নিয়ে তদন্ত চলছে। তবে মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।

### হাসনাবাদে বজ্রাঘাতে চাষির মৃত্যু

**নিজস্ব সংবাদদাতা, বারাসাত :** হাসনাবাদের ভবানীপুর-২নং গ্রামপঞ্চায়েতের পদুয়া গ্রামের বাসিন্দা কিনুরাম মণ্ডলের ছেলে তাপস মণ্ডল জমিতে চাষের কাজ করতে গিয়ে মঙ্গলবার সকালে বাজ পড়ে মারা যায়। জানা গেছে, মঙ্গলবার ভোর থেকে বৃষ্টি শুরু হওয়ায় তার মধ্যেই সে জমির কাজ করতে যান। জমিতে আল ছাঁটার কাজ করছিলেন এমন সময় আচমকা মাঠে বাজ পড়লে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। খবর পেয়ে মৃতদেহ উদ্ধার করে হাসনাবাদ থানার পুলিশ।

### ক্যানিং মাতৃভূমি লোকালে ভবঘুরের তাণ্ডব

**নিজস্ব সংবাদদাতা, ক্যানিং :** সোমবার রাতে শিয়ালদহ-ক্যানিং মাতৃভূমি লোকালে এক ভবঘুরে তাণ্ডব চালায়। রেল পুলিশ তাকে আটক করে পরিস্থিতি সামাল দেয়। অভিযোগ, শিয়ালদহ-ক্যানিং মাতৃভূমি লোকালের ভেন্ডার কামরায় বছর চল্লিশের ওই ভবঘুরে তাণ্ডব চালায়। সে মহিলাদেরও রেহাই দেয়নি। কামরায় থাকা মহিলা যাত্রীদের অশ্লীল ভাষায় গালিগালাজ করে ও তাদের মারধর করে। ক্যানিং রাজারলাট পাড়ার বাসিন্দা শম্পা অধিকারি নামে এক মহিলার ওপর চড়াও হয়ে তাঁর ব্যাগ নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। রেল পুলিশ ওই মহিলা যাত্রীকে উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে পাঠায়। পাশাপাশি ওই ভবঘুরেকে আটক করে সোনারপুর জিআরপিতে পাঠায়।

### দেগঙ্গায় মিড-ডে মিল নিয়ে স্কুলে তালা

**নিজস্ব সংবাদদাতা, দেগঙ্গা :** ছাত্রছাত্রীদের হাজিরা থেকে মিড-ডে মিলের খরচ বেশি দেখানো হয়। এ ছাড়া স্কুলে অধিকাংশ শিক্ষক নিয়মিত স্কুলে আসেন না বলে অভিযোগ। তাই মঙ্গলবার দুপুরে দেগঙ্গা থানার বুড়িরহাট আদর্শ মাধ্যমিক শিক্ষাকেন্দ্রের গেটে তালা লাগিয়ে অভিভাবকরা বিক্ষোভ দেখান। প্রধান শিক্ষক নারায়ণচন্দ্র বিশ্বাস অবশ্য সব অভিযোগ অস্বীকার করেছেন। দেগঙ্গার বিডিও সুব্রত মল্লিক বলেন, 'এ নিয়ে কোনো লিখিত অভিযোগ আমার কাছে আসেনি। অভিযোগ পেলে তদন্ত করে দেখা হবে।'

## অনশনে রেশন ডিলাররা, বিপর্যস্ত গণবণ্টন ব্যবস্থা

# চিন্তা নেই, রাজ্যের হাতে বিকল্প ব্যবস্থা আছে : খাদ্যমন্ত্রী




**সুমন তালুকদার, বারাসাত :** রাজ্যের বঞ্চনা, পুলিশ ও প্রশাসনের হেনস্তা সমেত ৭ দফা দাবি নিয়ে গত শুক্রবার বারাসাতের জেলা খাদ্য নিয়ামকের কাছে রেশন ডিলাররা গণইস্তফা দিয়েছিলেন। সমস্যার সমাধান না হওয়ায় মঙ্গলবার থেকে তাঁরা অনশনে বসেছেন। ফলে উত্তর ২৪ পরগনা জেলা জুড়ে গত শুক্রবার থেকেই গণবণ্টন ব্যবস্থা প্রায় ভেঙে পড়েছে। অনশন চলতে থাকলে পরিস্থিতি আরও জটিল হবে বলে রেশন গ্রাহকরা মনে করছেন।

সামনেই ঈদ ও তারপরেই শুরু হবে বাঙালির বড় পার্বণ দুর্গোৎসব। ফলে রেশনের ওপর যাঁরা নির্ভরশীল, তাঁদের কপালে চিন্তার ভাঁজ পড়েছে। এ নিয়ে রাজ্যের খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের অভয়, 'চিন্তার কিছু নেই। রাজ্যের হাতে বিকল্প ব্যবস্থা আছে।' মঙ্গলবার সকাল থেকেই জেলা খাদ্য নিয়ামকের অফিসের সামনে বারাসাত মহকুমার রেশন ডিলাররা অনশন শুরু করেছেন। দাবি পূরণ না হওয়া পর্যন্ত মহকুমা ধরে এই অনশন চলতেই থাকবে বলে ওয়েস্ট বেঙ্গল এমআর ডিলারস অ্যাসোসিয়েশন সূত্রের খবর। অ্যাসোসিয়েশনের জেলা সম্পাদক মিজানুর রহমান বলেন, 'জাতীয় খাদ্য নিরাপত্তা আইন অনুযায়ী ই-পোজ মেশিন ব্যবহারের জন্য প্রতি কুইন্টাল পিছু ৮৭ টাকা ডিলারদের দিচ্ছে কেন্দ্রীয় সরকার। কিন্তু রাজ্য সরকার ৮৭ টাকা কমিশন না দিয়ে রেশন ডিলারদের ৫৪ টাকা দিচ্ছে। এই কমিশনের বিনিময়ে রাজ্য সরকার ই-পোজ মেশিন ব্যবহার করাতে রেশন ডিলারদের বাধ্য করছে। তাতে আমরা বঞ্চনার শিকার হচ্ছি। এ ছাড়াও রেশনে ৫ থেকে ১৫ % আটা কমিয়ে দেওয়া হয়েছে। এ সবের বিরুদ্ধেই আমাদের প্রতিবাদ।' যদিও খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক জানান, চলতি মাস থেকে রেশন ডিলারদের কুইন্টাল প্রতি কমিশন ৫৪ টাকা থেকে ৭০ টাকা করা হয়েছে। তাঁর এই আশ্বাসের পর মিজানুর রহমান বলেন, 'সরকারি স্তরে এ নিয়ে আলোচনা হলেও সমস্যার সুরাহা হয়নি। ফলে বাধ্য হয়েই আমরা অনশনের সিদ্ধান্ত নিয়েছি। আর ই-পোজ মেশিন ব্যবহার করতে আমরা রাজি আছি। তবে অধিকাংশ রেশন ডিলার এই ধরনের মেশিন চালানোর ক্ষেত্রে প্রশিক্ষিত নন।' আর পশ্চিমবঙ্গ এমআর ডিলারদের সাধারণ সম্পাদক নিখিলেশ ঘোষের অভিযোগ, 'কেন্দ্রের ৮৭ টাকা কমিশন থেকে ৩৩ টাকা রাজ্য সরকার কেটে নিচ্ছে। তার মধ্যে রাজ্য সরকার পাইকারি ব্যবসাদারদের ১৬ টাকা দিচ্ছে। এই পাইকারি ব্যবসায়ী এ রাজ্যেই আছে, অন্য কোথাও নেই। এতেই রেশন ব্যবস্থায় কাটমানির গন্ধ রয়েছে। আর বাকি ১৭ টাকা দেওয়া হচ্ছে ই-পোজ মেশিন সরবরাহকারী একটি বহুজাতিক সংস্থাকে।' এ সব অভিযোগ উড়িয়ে খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক বলেন, 'রেশন ডিলারদের কমিশন বাড়ানোর প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। এ নিয়ে আলোচনাও হয়েছে। প্রয়োজনে আবার আলোচনায় বসতে পারি। এর পরেও অনশন করতে চাইলে তার ভবিষ্যৎ কী হবে, তা রেশন ডিলাররা বুঝতে পারবেন। মানুষের খাবার নিয়ে আন্দোলন করে রেশন ব্যবস্থা অচল করে রাখলে খাদ্য দফতর প্রয়োজনে কঠোর হবে।'

**উত্তর ২৪ পরগনা**

## বঙ্কিম সর্দার কলেজে বৃষ্টির জল সংরক্ষণে নজির



**সুভাষচন্দ্র দাশ, ক্যানিং :** দেশ তথা পৃথিবীর সর্বত্র চলছে জলের হাহাকার। তাই ২০১৭ সালে দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিংয়ের বঙ্কিম সর্দার কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষকরা মিলিত হয়ে আলোচনার মাধ্যমে ৮ হাজার বর্গফুট এলাকা জুড়ে বৃষ্টির জল সংরক্ষণ করার কাজ শুরু করেন। ২০১৮ সালে জানুয়ারি মাস থেকে সাফল্য আসতে শুরু করে। সূত্রের খবর, সংরক্ষিত জল কলেজের শৌচালয় ও কলেজের রসায়ন ও জীববিদ্যার বিভিন্ন বিভাগের ল্যাবরেটরিতে ব্যবহার করা হয়। কলেজের এই অভিনব প্রকল্পের জন্য বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশন জেলার ৬টি কলেজের মধ্যে বঙ্কিম সর্দার কলেজকে এমন কাজের প্রশংসা করে পুরস্কৃত করেছেন। অন্যদিকে, রাজ্য সরকারও এই প্রকল্পের জন্য ১৩,২৯,৬৫৩ টাকা বরাদ্দও করেছে। কলেজের অধ্যক্ষ তিলক চট্টোপাধ্যায় জানান, 'এই কলেজে বৃষ্টির জল সংরক্ষণের জন্য ১৬টি ট্যাঙ্ক রয়েছে। তাতে মোট ১৭.১৭ লাখ লিটার বৃষ্টির জল সংরক্ষিত হচ্ছে। এটা আমাদের কলেজের বিশেষ সাফল্য। সমাজের প্রতি দায়বদ্ধতা নিয়ে আগামী দিনে এমন আরও প্রকল্পের কথা আমরা কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও মঞ্জুরি কমিশনকে জানিয়েছি। আশা করছি সেগুলিও অনুমোদিত হবে ও সাফল্য আসবে।' তিনি চান আগামী দিনে এমন জল সংরক্ষণ প্রকল্প রাজ্য তথা দেশের প্রতিটি স্কুলকলেজ ও বিশ্ববিদ্যালয়ে গড়ে উঠুক।

## বনগাঁয় আক্রান্ত প্রতিবাদী শিক্ষক, ধৃত ১



**সোমনাথ পাল, বনগাঁ :** ফের আক্রান্ত স্কুল শিক্ষক। সোমবার রাতে বনগাঁ থানার সোনালির মোড় এলাকায় ২ জন মদ্যপ যুবকের হাতে মার খেয়েছে জখম হয়েছেন প্রাথমিক স্কুলের শিক্ষক নির্মল ঘোষাল। এ দিন রাতে তিনি বাড়ি থেকে বেরিয়ে এলাকার ১টি এটিএম কাউন্টারে টাকা তুলতে যান। তাঁর অভিযোগ, ওই সময় এটিএম কাউন্টারের সামনে ২ যুবক বসেছিল। ওরা মদ্যপ অবস্থায় ছিল। তাদের পেরিয়ে তিনি টাকা তুলতে এটিএম কাউন্টারের ভিতরে ঢোকেন। এরপরই তাঁকে উদ্দেশ্য করে তারা কটূক্তি করতে শুরু করে বলে অভিযোগ। নির্মল ঘোষাল তা গায়ে মাখেননি। এরপর টাকা তুলে বেরোনোর সময় তিনি এটিএম কাউন্টারের দরজা কেন বন্ধ করেননি, এই অভিযোগ তুলে ওই ২ যুবক তাঁকে গালিগালাজ করে। নির্মল ঘোষাল তার প্রতিবাদ করেন। এরপরই বচসা শুরু হয়। অভিযোগ, সেইসময়ে সময় এক যুবক ওই শিক্ষককে মারধর শুরু করে। তাঁকে কিল, চড়, লাথিও মারা হয়। এমনকী সাইকেলের চেন দিয়ে ওই শিক্ষকের মাথায় আঘাতের পাশাপাশি তাঁর হাতেও এক যুবক কামড়ে দেয় বলে অভিযোগ। জখম ওই শিক্ষকের চিৎকার শুনে এলাকার লোকজন এসে তাঁকে বনগাঁ হাসপাতালে নিয়ে যায়। প্রাথমিক চিকিৎসার পর ওই শিক্ষককে ছেড়ে দেওয়া হয়। খবর পেয়ে বনগাঁ থানার পুলিশ এসে অভিযুক্ত তীর্থঙ্কর রায় নামে এক যুবককে আটক করে।

# চর পিরোজপুরে 'দাদাঠাকুর প্রকৃতি তীর্থ' গড়ে তোলার উদ্যোগ



**পরাগ মজুমদার, রঘুনাথগঞ্জ :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মস্তিষ্কপ্রসূত 'প্রকৃতি তীর্থ' মডেলকে কাজে লাগিয়ে বাংলাদেশ লাগোয়া মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জ চর পিরোজপুর এলাকা জোরকদমে সেজে উঠছে। এর ফলে জেলার মুকুটে 'সার্কিট ট্যুরিজিম' নামে এক নয়া পালক জুড়তে চলেছে। একইসঙ্গে এই সার্কিট ট্যুরিজমের কারণে এলাকা জুড়ে নতুন কর্মসংস্থান থেকে শুরু করে নানান ধরনের ব্যবসা প্রসারেরও সম্ভাবনা তৈরি হয়েছে। সব কিছু ঠিক থাকলে আগামী কয়েক বছরের মধ্যেই জেলার অর্থনীতি বদলে যাবে বলেই প্রশাসনিক মহলের ধারণা। এ নিয়ে মুর্শিদাবাদ জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি তথা মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের সাংসদ আবুতাহের খান বলেন, 'আমাদের সরকার মুর্শিদাবাদ জেলাকে রাজ্য তথা দেশবাসীর কাছে শুধু পর্যটনের ক্ষেত্রেই নয়, কর্মসংস্থানের দিক দিয়েও উন্নতির শিখরে পৌঁছোতে বদ্ধপরিকর।' জানা গেছে, বাংলাদেশ লাগোয়া মুর্শিদাবাদের পিরোজপুর চরের প্রায় ৪৩ একর জমিতে ২৫ কোটি টাকা বরাদ্দ করে মেঘা প্রকল্পের আওতাধীন 'দাদাঠাকুর প্রকৃতি তীর্থ' প্রকল্পের কাজ চলছে। মূলত, এলাকর পর্যটন ব্যবস্থাকে ঢেলে সাজাতেই সরকারের এই অভিনব ভাবনা বলে প্রশাসনিক সূত্রের খবর। সেক্ষেত্রে পদ্মা ও সীমান্তের প্রাকৃতিক সৌন্দর্যকে কাজে লাগিয়েই এই সার্কিট ট্যুরিজম গড়ে তোলা হচ্ছে। সূত্রের খবর, সম্প্রতি কেন্দ্রীয় সরকারের সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্প থেকে প্রাথমিকভাবে ১.৩০ কোটি টাকা মিলেছে। ওই টাকা থেকে ১০টি আধুনিক সুবিধাযুক্ত কটেজ তৈরির কাজ চলছে। পর্যটকদের জন্য চারিদিক ঘেরা ক্যানেলের মধ্যে স্টেডিয়াম, ইতালিয়ান মার্বেল লাগানো ডাইনিং, নিরাপত্তার জন্য ওয়াচ টাওয়ার তৈরি হওয়ার কথা। এমনকী মাছ ধরার জন্যও বিশেষ ব্যবস্থা থাকছে। 'ইকো ফ্রেন্ডলি' পরিবেশের জন্য অপ্রচলিত শক্তি উৎস হিসেবে সৌর বিদ্যুতের ব্যবস্থা যেমন থাকছে, তেমনই প্রকৃতির মেঠো টান অনুভব করাতে যন্ত্রচালিত যানের জায়গায় গবাদি পশুর টানা ২ চাকার কাঠের গাড়ির ব্যবস্থাও রাখা হবে। জায়গা হিসাবে পিরোজপুর চর খুবই প্রাসঙ্গিক। কারণ এই এলাকার প্রকল্প জমির সবটাই সরকারি মালিকাধীন জমি। সেক্ষেত্রে চাষির জমি অধিগ্রহণ করার মতো কোনো জটিল পরিস্থিতি তৈরি হওয়ার নেই। উলটে প্রকৃতির মনোরম পরিবেশে পদ্মার উথালপাথাল হওয়ার দৃশ্য, নবাবি ঘরানার আম-লিচুর বাগান, ভেষজ বাগান, নার্সারি সবই থাকছে একই ছাদেরতলায়।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, পিরোজপুরের এই প্রকৃতি তীর্থের কটেজ পর্যটকদের নিরাপত্তার কথা ভেবে বিএসএফ জওয়ানদের নজরদারির জন্য বলা হবে। পর্যটকদের মনোরঞ্জনের জন্য বড় জায়ান্ট স্ক্রিনে বাঙালি পণ্ডিত থেকে জেলার অনেক অজানা তথ্য দেখানো হবে। ভোজনরসিক বাঙালির জন্য ভরপুর পেটপুজোর ব্যবস্থাও থাকবে। এমনকী পদ্মার বুকে ঘুরে বেড়ানোর জন্যও থাকছে নৌকা বিহারের ব্যবস্থাও। জঙ্গিপুর পুরসভার প্রধান মোজাহারুল ইসলাম বলেন, 'এই পিরোজপুর চরের প্রকৃতি তীর্থ মুর্শিদাবাদের জেলার এক মাইলফলক হয়ে উঠবে বলেই আমাদের বিশ্বাস।'

## তৃণমূল নেতাকে গুলি করে খুন

**নিজস্ব সংবাদদাতা, কান্দি :** সোমবার রাতে মুর্শিদাবাদে কান্দি থানার গোসাইডোব মোড় এলাকায় বাড়ি ফেরার পথে গুলিবিদ্ধ হন তৃণমূল কংগ্রেস নেতা তথা কান্দি পঞ্চায়েত সমিতির সদস্য জাহাঙ্গির শেখ (৪০)। তাঁকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভরতি করানো হলে মঙ্গলবার সন্ধ্যায় সেখানে তিনি মারা যান। পুলিশ জানায়, মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। দুষ্কৃতীদের খোঁজ চলছে। জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি তথা মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের সাংসদ আবুতাহের খানের অভিযোগ, 'তৃণমূল কংগ্রেসকে শেষ করতে কংগ্রেস ও বিজেপি মিলে এলাকায় এই কাণ্ড ঘটিয়ে চলেছে। তবে এ ভাবে মুর্শিদাবাদে তৃণমূলকে শেষ করা যাবে না।' যদিও কংগ্রেসে ও বিজেপি দলের তরফে এই অভিযোগ অস্বীকার করা হয়েছে। কংগ্রেস সাংসদ অধীর চৌধুরির রাজনৈতিক সচিব জয়ন্ত দাস বলেন, 'এটা তৃণমূল কংগ্রেসের নিজেদের মধ্যেকার গোলমাল। ওরা গা বাঁচাতে অন্যের ঘাড়ে দোষ চাপাচ্ছে।' একই দাবি করেন জেলা বিজেপি দলের সভাপতি গৌরীশংকর ঘোষ। পুলিশের প্রাথমিক ধারণা, সুপারি কিলার লাগিয়ে জাহাঙ্গির শেখকে খুন করানো হয়েছে।

**কান্দি**

## তাঁত শ্রমিকদের মজুরি নিয়ে জটিলতা

**শ্যামল রায়, নবদ্বীপ :** নবদ্বীপ ও তার লাগোয়া গ্রামীণ এলাকায় তাঁত শ্রমিকদের মজুরি বাড়ানো নিয়ে মালিক ও শ্রমিকদের মধ্যে টানাপোড়েন চলছে। প্রশাসনিক বৈঠকেও সমাধান সূত্র মিলছে না বলে খবর। অন্যদিকে, নবদ্বীপ থানার অধীন বেশ কয়েকটি পাওয়ার লুম বন্ধ হয়ে পড়ে থাকায় আরও জটিলতা বেড়েছে। জানা গেছে, নবদ্বীপের গ্রামীণ এলাকায় প্রায় ৫৭টি পাওয়ার লুম রয়েছে। পুজোর মুখে পাওয়ার লুমের উৎপাদন বন্ধ থাকায় মালিকরা চরম সমস্যার মধ্যে পড়েছেন। সেই সঙ্গে শ্রমিকদেরও রুজি রোজগার বিপন্ন। নবদ্বীপের গ্রামীণ এলাকায় পাওয়ার লুম শ্রমিকদের মজুরি বাড়ানো ও অন্যান্য সুযোগ-সুবিধার দাবিতে কর্মবিরতি চলছে। জানা গেছে, তাঁত শ্রমিকদের মজুরি বাড়ানো নিয়ে প্রশাসনের তরফে সোমবার সন্ধ্যায় বৈঠকের দিনক্ষণ ঠিক হলেও মালিকপক্ষ সেখানে হাজির না থাকার জন্য সমস্যা বাড়ে। ওই বৈঠকে স্থানীয় বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা, নবদ্বীপ পঞ্চায়েত সমিতির সভাপতি হরিদাস দেবনাথ ছিলেন। এদিকে, মালিক পক্ষের অভিযোগ, 'আমরা শ্রমিকদের কাছে আবেদন রেখেছিলাম কাজ চালু রেখে বৈঠক হোক। তবে শ্রমিকরা আগেই আলোচনা চাইছে। তাই আমরা এ নিয়ে কোনো সিদ্ধান্ত নিতে পারিনি। শ্রমিকরা কাজ শুরু করলে আমরা আলোচনায় বসতে রাজি আছি।' তবে শ্রমিকদের পক্ষ থেকেও এ ধরনের সিদ্ধান্তের বিরোধিতা করা হয়েছে।

**নবদ্বীপ**

## দলমার দাঁতালদের তাণ্ডবে আতঙ্ক

**চিত্ত মাহাত, ঝাড়গ্রাম :** গত ১০ জুলাই বিনপুর থানার যে সাতবাঁকি গ্রামে ৩টি হাতির বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা গেছিল, মঙ্গলাবর সেই গ্রামে এসে দলমার হাতির দল তাণ্ডব চালায়। এ দিন সকাল থেকে সাতবাঁকি এলাকার বিভিন্ন গ্রামে দাঁতালরা দাপাদাপি করে। তারা কখনও গ্রামবাসীদের বাড়িতে, তো কখনও ধান ও শাকসবজির ক্ষেতে দিনভর তাণ্ডব চালায়। সূত্রের খবর, সোমবার রাতে মালাবতী জঙ্গলে দলমার দিক থেকে হাতির দলটি ঢোকে। ভোর রাতে সাতবাঁকি গ্রামে হানা দিয়ে ৭টি বাড়িতে ভাঙচুর চালায়। গ্রামবাসীরা আতঙ্কিত হয়ে পড়েন। প্রায় ৩০ মিনিট ধরে তাণ্ডব চালিয়ে হাতির পাল জঙ্গলে ফিরে যায়। ফের সকাল হলে কয়েকটি দাঁতাল গ্রামে ঢোকার চেষ্টা করে। তখন গ্রামবাসীরা একজোট হয়ে হাতিগুলিকে বাধা দেন। বন দফতর সূত্রে জানা গেছে, হাতির পালকে এলাকা ছাড়া করার চেষ্টা চলছে।

**DIAMOND HARBOUR WOMEN'S UNIVERSITY**
Sarisha, Diamond Harbour Road, South 24 Parganas- 743368
**Tender Notice No.: 117/REG/DHWU/ 2019 Dated : 06.08.2019**
Sealed quotations are invited online from the reliable and nationally renowned Manufacturers/companies /vendors/dealers/ firms for Tender for (A) Delivery and Installation of IBM SPSS Statistics Academic Modules/ Licenses for Education Dept. (B) Providing food for Canteen and Girls Hostel and (C) Providing Security Guards and Sweepers for DiamondHarbour Women's University.
For details visit **http://www.dhwu.ac.in/ tender.aspx.** Sd/- Registrar

**ইকোনো ট্রেড (ইন্ডিয়া) লিমিটেড**
রেজিস্টার্ড অফিস : ৯/১২, লাল বাজার স্ট্রীট, ব্লক-বি, তৃতীয় তল, রুম নং - ৩১০৩, কলকাতা - ৭০০০০১
ফোন : +৯১-৭৮৯০৫ ১৮০১৬
ওয়েবসাইট : www.econo.com
ই-মেল : eti2011@gmail.com
CIN : L51109WB1982PLC035466
**পরিচালক পর্ষদের সভার বিজ্ঞপ্তি**
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর ৪৭ ও ২৯ নং ধারা অনুযায়ী, ৩০ জুন, ২০১৯ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদনের জন্য আগামী শুক্রবার, ১৪ আগস্ট, ২০১৯ তারিখে কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টরের একটি সভা অনুষ্ঠিত হবে।
বিজ্ঞপ্তিটি স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে http://www.bseindia.com এ পাওয়া যাবে।
কোম্পানী সিদ্ধান্ত নিয়েছে যে (যেমন ট্রেডিং উইন্ডো বন্ধ), সেবি (প্রহিবিশন অফ ইনসাইডার ট্রেডিং) রেগুলেশনস ২০১৫-এর অধীন কোম্পানীর "কোড অফ কনডাক্ট -এর নিয়মানুযায়ী, কোম্পানীর সমস্ত দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের জন্য কোম্পানীর ইকুইটি শেয়ারের ট্রেডিং উইন্ডো ৬ আগস্ট, ২০১৯ সন্ধ্যা ৬টা এবং ১৪ আগস্ট, ২০১৯ পর্যন্ত উক্ত সভার ৪৮ঘন্টা পর পর্যন্ত বন্ধ থাকবে।
বোর্ড-এর আদেশানুসারে
ইকোনো ট্রেড (ইন্ডিয়া) লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
স্থান : কলকাতা সিদ্ধার্থ শর্মা
তারিখ : ০৬.০৮.২০১৯ কোম্পানী সচিব

**PANORAMA STUDIOS INTERNATIONAL LIMITED**
CIN: L74110WB1980PLC032655
Regd. Office: 8, Nayapatty Road Kolkata-700055
**NOTICE**
Pursuant to Regulation 47(1)(a) of the SEBI (Listing and Disclosures Requirement) Regulations, 2015 Notice is hereby given that the Board Meeting of the Company will be held on **Tuesday, 13th August, 2019** at the Corporate Office at 1003 & 1004, 10th Floor (West Side) Lotus Grandeur, Veera Desai Road, Andheri West, Mumbai-400053 to consider and approve the Un-audited Financial Results (Standalone and Consolidated) for the Quarter ended 30th June, 2019 along with Limited Review Report.
For **Panorama Studios International Limited**
Sd/-
Place: Kolkata **Kumar Mangat Pathak**
Date: 06.08.2019 **Director**

**MAYUKH DEALTRADE LIMITED**
CIN: L51219WB1980PLC032927
Regd. office: 26/1 Strand Road 1st Floor Kolkata-700001
**NOTICE**
Pursuant to Regulation 47(1)(a) of the SEBI (Listing and Disclosures Requirement) Regulations, 2015 Notice is hereby given that the Board Meeting of the Company will be held on **Monday,12th August, 2019** at the Corporate Office atShop No. 36, Rock Avenue, Plot E CHS Ltd., Near Hindustan Naka, Charop, Kandivali (West), Mumbai-400067 toConsider and approve the Un-audited Financial Results for the Quarter ended 30th June, 2019 along with Limited Review Report.
For **Mayukh Dealtrade Limited**
Sd/-
**Mit Tarun kumar Brahmbhatt**
Place: Kolkata **Managing Director**
Date: 06.08.2019

**JOYNAGAR- MOZILPUR MUNICIPAL OFFICE**
**P.O. - Joynagar Mozilpur, Pin Code No. – 743337, South 24 Parganas**
N.I.Q is invited by the Chairman-J.M.M for purchasing the following hospital equipments of Matri Mongol Sisu Mongol Hospital run by the Jaynagar Majilpur Municipality.

| Sl. No. | Name of the work : | Memo No. |
|---|---|---|
| (1) | **(1)** Drums-10 pcs, **(2)** NIBP Pulse oxmiters-01 pcs, **(3)** Pulse oxmiters (figure) - 02 pcs, (4) Digital B.P. machines (chargeable) – 06 pcs, **(5)** Boils anaesthetic machines- 01 pcs, **(6)** O.T. trolleys- 02 pcs, **(7)** Treys- 10 pcs, **(8)** Suction machines- 02+02 pcs, **(9)** Diathermic machines- 01pcs, **(10)** Digital weight machines (paediatric and adult) - 01+01 pcs, **(11)** Stethoscopes (single tube) – 06 pcs, **(12)** Baby resuscitation kit- 02 pcs, **(13)** Fumigator machines- 01 pcs, **(14)** Glucometer- 02 pcs, **(15)** Laryngoscopes- 02 pcs, **(16)** Endotracheal tube (no. 5 to no. 8) - 02 pcs. | Dev./JMM/ Quotation/ T- 10 /2019-20 |

Seal Quotations are to be submitted within 7 days from the date of the Notice to this Municipal Office.
Sd/-
Chairman
Joynagar Mozilpur Municipality

**DAINHAT MUNICIPALITY**
**PO:- DAINHAT, DIST:- PURBABURDWAN**
Invited e-tender against NIT 17 D.M/ENGG/HFA (15-16) 2nd Call) Date- 06/08/2019. For Details of floated tender for the against the Development work under NIT No.- 34 D.M/Engg Date- 01/08/2019, NIT No.-35 D.M/Engg Date-01/08/2019, NIT No.- 48 D.M/Engg Date- 02/08/2019. For details- Visit : http://dainhatmunicipality.org .
Office ph no. 03453-244228, 377.
Sd/-
Chairman
Dainhat Municipality

**Linc Pen & Plastics Limited** LINC
CIN:L36991WB1994PLC065583
Regd. Off: Satyam Towers, 3, Alipore Road, Kolkata - 700 027,
Phone: 033-3041 2100, Fax: +91-33-2479 0253,
E-mail: investors@lincpen.com, Website: www.lincpen.com
**EXTRACT FROM THE STANDALONE UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2019** (Rs. in Lacs)

| Sl. No. | PARTICULARS | Quarter Ended 30.06.19 | Year Ended 31.03.19 | Quarter Ended 30.06.18 |
|---|---|---|---|---|
| 1. | Total Income from Operations | 10,081.51 | 36,693.64 | 8,345.95 |
| 2. | Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional items) | 611.82 | 1,137.44 | 260.82 |
| 3. | Net Profit/(Loss) for the period before Tax | 611.82 | 1,137.44 | 260.82 |
| 4. | Net Profit/(Loss) for the period after tax (after Exceptional items) | 426.64 | 545.01 | 164.39 |
| 5. | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 422.28 | 527.60 | 163.87 |
| 6. | Equity Share Capital | 1,478.60 | 1,478.60 | 1,478.60 |
| 7. | Other Equity | | 10,858.26 | |
| 8. | Earnings per Share (of Rs.10/- each) | | | |
| | (a). Basic : | 2.89 | 3.69 | 1.11 |
| | (b). Diluted : | 2.89 | 3.69 | 1.11 |

**NOTE:**
1. The above is an extract of the detailed format of the Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of SEBI ( Listing Obligations and Disclosure Requirements ) Regulations, 2015.The full format of the Quarterly Financial Results are available on the Stock Exchange websites - www.nseindia.com, www.bseindia.com and on the Company's website - www.lincpen.com.
2. On 3rd November, 2018, the Board of Directors of the Company approved a Scheme of Arrangement and Amalgamation amongst, the Company, Linc Writing Aids Pvt Ltd (LWA) and Linc Retail Ltd (LRL) in terms of the provisions of Section 230 to 232 and the applicable provisions of the Companies Act, 2013, involving amalgamation of LWA with the Company after demerger & transfer of retail business of LWA to LRL with effect from 1st April 2018. The Company has received "no adverse observation letter" from Bombay Stock Exchange and National Stock Exchange on 26.04.19 and 30.04.19 respectively. The Company has filed the Scheme with National Company Law Tribunal for its approval. Pending such approvals, no accounting adjustment thereof has been made in the above results.

For and on behalf of the Board
Place : Kolkata **Deepak Jalan**
Date : 6th August, 2019 **Managing Director**

**হিমাদ্রি ক্রেডিট অ্যান্ড ফিন্যান্স লিমিটেড**
(CIN NO : L65921WB1994PLC062875)
রেজিস্টার্ড অফিস : ২৩ এ, নেতাজী সুভাষ রোড, অষ্টম তল, কলকাতা - ৭০০০০১
ওয়েবসাইট : www.himadricredit.in, ই-মেল : hcfl@himadri.com
সভার বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (এল ও ডি আর) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৪৭(১)(এ) অনুযায়ী, ৩০ জুন, ২০১৯ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদনের জন্য মঙ্গলবার, ১৩ আগস্ট, ২০১৯ তারিখে দুপুর ৩.৩০টায় হিমাদ্রি ক্রেডিট অ্যান্ড ফিনান্স লিমিটেড-এর পরিচালক পর্ষদের প্রথম (২০১৯-২০২০) সভা কোম্পানীর কর্পোরেট অফিস "রুবি হাউস", ৮, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, দ্বিতীয় তল, কলকাতা - ৭০০০০১-এ অনুষ্ঠিত হবে।
বিজ্ঞপ্তিটি কোম্পানীর ওয়েবসাইট : www.himadricredit.in-এ পাওয়া যাবে।
হিমাদ্রি ক্রেডিট অ্যান্ড ফিন্যান্স লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
কৌশিক রঞ্জন সাহা
স্থান : কলকাতা কোম্পানী সচিব
তারিখ : ০৫.০৮.২০১৯

**ম্যাকনালি সয়াজি ইঞ্জিনিয়ারিং লিমিটেড**
(CIN) : L28999WB1943PLC133247
রেজিস্টার্ড অফিস : ক্যাম্পাস ২বি, ইকোস্পেস বিজনেস পার্ক, ১১এফ/১২, রাজারহাট, কলকাতা - ৭০০১৬০, পশ্চিমবঙ্গ, ভারত
ফোন : +৯১-৩৩-৩০১৪ ১২১৩
ফ্যাক্স : +৯১-৩৩-৩০১৪ ২৩৯৩
ই-মেল : mse.corp@mbecl.co.in
ওয়েবসাইট : www.mcnallysayaji.com
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ২৯ ও ৪৭নং ধারা অনুযায়ী, ৩০ জুন, ২০১৯ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা (প্রাথমিক) জন্য বুধবার ১৪ আগস্ট, ২০১৯ তারিখে দুপুর ২টায় কোম্পানীর পরিচালক পর্ষদের একটি সভা ৪ ম্যাঙ্গু লেন, কলকাতা-৭০০০০১-এ অনুষ্ঠিত হবে।
বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে কোম্পানীর ওয়েবসাইটে www.mcnallysayaji.com ও মেট্রোপলিটন স্টক এক্সচেঞ্জে অফ ইন্ডিয়া (www.mse.in)-তে পাওয়া যাবে।
ম্যাকনালি সয়াজি ইঞ্জিনিয়ারিং লিমিটেড-এর পক্ষে
স্থান : কলকাতা সৈকত ঘোষ
তারিখ : ০৬.০৮.২০১৯ কোম্পানী সচিব

**ম্যাকনালি ভারত ইঞ্জিনিয়ারিং কোম্পানী লিমিটেড**
CIN : L45202WB1961PLC025181
রেজিস্টার্ড অফিস : ৪ ম্যাঙ্গু লেন, কলকাতা-৭০০০০১, পশ্চিমবঙ্গ, ইন্ডিয়া
ফোন: +৯১ ৩৩৩০১৪ ১১২২, ফ্যাক্স: +৯১ ৩৩ ৬৬২৮ ২২৭৭
ইমেল : mbecal@mbecl.co.in
ওয়েবসাইট : http://www.mcnallybharat.com
এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর ৪৭ ও ২৯ নং ধারা অনুযায়ী, ৩০ জুন, ২০১৯ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা, বিবেচনা ও নথিবদ্ধ করার জন্য, বুধবার ১৪ আগস্ট, ২০১৯ তারিখে কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টরের একটি সভা অনুষ্ঠিত হবে।
সভার বিজ্ঞপ্তি কোম্পানীর ওয়েবসাইট : www.mcnallybharat.com ও পাওয়া যাবে বিএসই লিমিটেডের এই ওয়েবসাইটে . www.nseindia.com ও www.bseindia.com
ম্যাকনালি ভারত ইঞ্জিনিয়ারিং কো. লিমিটেড-এর পক্ষে
স্থান : কলকাতা মনোজ কুমার দিপ্পা
তারিখ : ০৭.০৮.২০১৯ চিফ ফিনান্সিয়াল অফিসার